

১২৮ জনের তালিকা পূর্ণাঙ্গ নয়, আরো তদন্ত হবে : ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

১৮ মার্চ, ২০২৫ ১৯:৪৮

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

বৈষম্যবিরোধী আন্দোলনের সময় ১৫ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত সহিংসতার ঘটনায় সত্যানুসন্ধান কমিটি দায়ী হিসেবে যে ১২৮ জনের তালিকা করেছে সেটি পূর্ণাঙ্গ নয় বলে জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

মঙ্গলবার (১৮ মার্চ) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অধিকতর তদন্তের জন্য সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. তাজমেরী এস এ ইসলামকে প্রধান করে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি

১২৮ জনের তালিকা আমলে নিয়ে পুনরায় বিশ্ববিদ্যালয়ের হল, বিভাগ ও ইনস্টিটিউটে সহিংস ঘটনায় জড়িতদের তথ্য চেয়ে চিঠি দেবে।

আরো পড়ুন



ঢাবির বহিষ্কৃত ছাত্রদের তালিকায় সাদ্দাম-ইনানসহ আরো যাদের নাম

প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই করে শিগগিরই পূর্ণাঙ্গ প্রতিবেদন দেবে।

সেই প্রতিবেদনের ভিত্তিতে দোষীদের বিরুদ্ধে চূড়ান্ত ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে বিভ্রান্ত না হতে বিশ্ববিদ্যালয় প্রশাসন থেকে অনুরোধ জানানো হয়েছে।

বৈষম্যবিরোধী আন্দোলনের সময় ১৫ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহিংসতার ঘটনায় দায়ী হিসেবে ১২৮ জনের তালিকায় নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতি মাজহারুল কবির শয়নের নাম রয়েছে।

সোমবার বিশ্ববিদ্যালয় সিভিকেটের এক জরুরি সভায় সিদ্ধান্ত হয়, ১৫ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহিংসতায় জড়িত শিক্ষার্থীদের সাময়িক বহিষ্কার করা হবে।

এদিকে তালিকায় 'চিহ্নিত সন্ত্রাসীদের নাম বাদ পড়েছে' এমন অভিযোগ তুলে বিক্ষোভ করেছেন বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী।

মঙ্গলবার দুপুরে মিছিল নিয়ে তারা প্রশাসনিক ভবনের সামনে আসেন। তারা তালিকা পরিমার্জন করে হামলাকারীদের যুক্ত করার দাবি জানান।